

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.১৩৩.২৩ নথির বিষয়ঃ Supply of spare items for 33 KV HT electrical network & related others of SKWP.
নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply of spare items for 33 KV HT electrical network & related others of SKWP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২/১২/২৩ ৪:৩০ অপরাহ্ন

ঢাকা ওয়াসার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট (সাকেওপ্লা) গত ০১/০৪/২০১৯ইং তারিখ হতে পরিচালিত হচ্ছে। গত ০৫/০২/২০২০ইং তারিখে আলোচ্য প্ল্যান্টটি ঢাকা ওয়াসার ডেভেলপমেন্ট উইং হতে পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য পানি ও পয়ঃশোধনাগার সার্কেলকে হস্তান্তর করা হয়েছে। অত্র প্ল্যান্টে ২টি আইআরপি (আইআরপি-১ ও ২) ও ৪৫টি পানির পাম্প রয়েছে (পরবর্তীতে আরও ১টি পানির পাম্প সম্পন্ন হলে অপারেশনে যুক্ত হবে। প্ল্যান্টটি অত্যাধুনিক স্ক্যাডা পরিচালনা ও নিয়ন্ত্রিত। উভয় ৩৩/১১কেভি আইআরপিতে ১টি করে ২টি: ৫এমভিএ রেটিংয়ের মেইন সাব-স্টেশন, আইআরপি-১ এ ১১/০.৪৪ কেভি: ১.২৫এমভিএ রেটিংয়ের ১টি সেকেন্ডারী সাব-স্টেশন, আইআরপি-২ এ ১১/০.৪৪ কেভি: ২০০কেভিএ রেটিংয়ের ১টি সেকেন্ডারী সাব-স্টেশন এবং প্রতিটি পানির পাম্পে ১টি করে মোট ৪৫টি ১১/০.৪৪ কেভি: ১০০ কেভিএ রেটিংয়ের প্যাড মাউন্টেড সাব-স্টেশন রয়েছে। সাব-স্টেশনের ইলেকট্রিক প্যানেলরুমে বিভিন্ন প্যানেলের মেজারিং ও প্রটেকশন ডিভাইস সমূহ যেমন: CT, MCCB ও EOCR এর কোন স্প্যার সাকেওপ্লা এর বিভাগীয় সাব-স্টোরে মজুত নেই (সংযুক্তি-২)। জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য পরিবর্তনের স্বার্থে উক্ত আইটেমসমূহ সংগ্রহ ধরে আলোচ্য নথিতে প্রস্তাব উপস্থাপন করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও এপিপি এর কপি।
- ২। উল্লিখিত মাল্যামালের স্টক রিপোর্ট।
- ৩। সংগৃহীত কোটেশন।
- ৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২/১২/২৩ ৪:৩৮ অপরাহ্ন

আলোচ্য সংগ্রহ কাজের জন্য বর্তমান বাজার দরের ৩টি ঠিকাদারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে (সং যুক্তি-৩)। সংগৃহীত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরের আলোকে প্রাপ্ত দরের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ১১৪.৯৯.৫০০/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র (সংযুক্তি-৫)। সংগ্রহতব্য আইটেমসমূহের টেকনিক্যাল স্পেসিফিকেশন সংযুক্তি-৪ এ প্রদত্ত। আলোচ্য সংগ্রহ এবং বৈদ্যুতিক এইচটি লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি সাকেওপ্লা এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের বাজেট হেড-পরিচালন ব্যয়খাতের আওতাধীন উপ-খাত ক্রমিক নং-২৮, খুচরা যন্ত্রাংশ (শোধানাগার) (কোড নং-০১-০৪-০২৫) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১২৭ (G56) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২/১২/২৩ ৪:৪৫ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ নং- ১.০ ও ১.১ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার “সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট” এর সাব-স্টেশনের ইলেকট্রিক প্যানেলরুমের বিভিন্ন প্যানেলের প্রটেকশন ডিভাইস স্প্যার সংগ্রহ কাজের স্বার্থে “Supply of spare items for 33 KV HT electrical network & related others of SKWP” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নোবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

- ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দর পত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহবানের অনুমোদন;
- খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট ১১৪.৯৯.৫০০/- (চৌদ্দ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র এর প্রাক্কলনের (সংযুক্তি-৫) আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন এবং
- গ) আলোচ্য কাজটির ব্যয়ভার সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্টের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের বাজেট হেড-পরিচালন ব্যয় খাতের আওতাধীন উপ-খাত ক্রমিক নং-২৮, খুচরা যন্ত্রাংশ (শোধানাগার) (কোড নং-০১-০৪-০২৫) হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ৩/১২/২৩ ১১:৫৮ পূর্বাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	 ৩/১২/২৩ ৯:৫৯ অপরাহ্ন কাজী বিল্লাল হোসেন সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	 ৩/১২/২৩ ৯:৫৯ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
--	---	---

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩/১২/২৩ ১১:২৭ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

৩/১২/২৩ ১১:২৭ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিন্ড প্র্যান্ট

৩/১২/২৩ ১১:২৭ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৪/১২/২৩ ১:৩০ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

৪/১২/২৩ ১:৩০ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৪/১২/২৩ ১:৩০ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ৭/১২/২৩ ২:০৩ অপরাহ্ন

অনুমোদিত

৮/১২/২৩ ৮:৫৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও
রক্ষণাবেক্ষণ)

৮/১২/২৩ ৮:৫৯ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিন্ড প্র্যান্ট

অনুচ্ছেদ ১.৬ - তারিখ: ১৮/১২/২৩ ১০:৪৬ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৫ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

১৮/১২/২৩ ১০:৪৬ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিন্ড প্র্যান্ট

১৯/১২/২৩ ২:৫৯ অপরাহ্ন
সুদীপ কুমার ঘোষ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিন্ড প্র্যান্ট